যুগান্তর

তারিখ · 02 OCT 2016
পৃষ্ঠা ২ কলাম ৪

নম্বরপত্রে অনিয়ম

# রাবির দুই শিক্ষককে পরীক্ষা কার্যক্রম থেকে অব্যাহতি

**রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের দুই শিক্ষককে পাঁচ বছরের জন্য পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম থেকে অব্যাহতি দিয়েছে কর্তৃপক্ষ। পরীক্ষার নম্বরপত্রে অস্বচ্ছতা ও অনিয়মের দায়ে তাদের এ শাস্তি দেয়া হয়েছে। বিভাগের পরীক্ষা কমিটির প্রধানের করা অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় শনিবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

অব্যাহতিপ্রাপ্ত দুই শিক্ষক হলেন, ওই বিভাগের সহযোগী অধ্যাপক ও সাবেক সভাপতি তানভীর আহমদ এবং প্রভাষক সোমা দেব। তারা দু'জন স্বামী-স্ত্রী। ২০১৫ সালে সোমা দেবকে বিয়ে করেন তানভীর আহমদ। তানভীর আহমদের প্রথম স্ত্রী সহযোগী অধ্যাপক আকতার জাহান জলি পরীক্ষা কমিটির সভাপতির দায়িত্বে ছিলেন। ৯ সেপ্টেম্বর তিনি আত্মহত্যা করেন।

বিভাগ সূত্র জানায়,'২০১৫ সালের তৃতীয় বর্ষের ৩০৫ নম্বর কোর্সের শিক্ষক ছিলেন তানভীর আহমদ এবং সোমা দেব। কোর্সের প্রথম ইনকোর্সে নম্বর দেয়ার কথা ছিল তানভীর আহমদের। কিন্তু হাতের লেখায় প্রমাণ হয় নম্বর দিয়েছেন সোমা দেব। নম্বরপত্রে নম্বর পরিবর্তন করতে গিয়ে ঘষামাজা করা কয়েকটি জায়গায়ও সোমা দেবের সই দেখা যায়। তবে মূল পরীক্ষক হিসেবে তানভীরের সই রয়েছে। ভালো পরীক্ষা দিয়েও আটজন শিক্ষার্থী নম্বর বঞ্চিত হন। ফলে বিষয়টি নিয়ে বিতর্কের সৃষ্টি হয়।